

আজ চবি'র ৩৯ কোটি টাকার বাজেট ঘোষণা

চট্টগ্রাম হারো

প্রায় ১১ কোটি টাকার ঘাটতি নিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৩৯ কোটি ৩০ লাখ টাকার বার্ষিক বাজেট তৈরি করা হয়েছে। আজ বুধবার সিন্ডিকেট সভায় এই বাজেট পেশ করা হচ্ছে। বাজেটের প্রায় ৩৩ কোটি টাকাই ব্যয় হবে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন ও পেনশন বাতে। শিক্ষা আনুষ্ঠানিক বাতে ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে মাত্র ৩ কোটি ৭০ লাখ টাকা। এ বাজেটে অন্যান্য সম্ভাব্য ব্যয়ের মধ্যে রয়েছে সাধারণ আনুষ্ঠানিক ব্যয় অর্থাৎ অফিস খরচ, আপ্যায়ন ও রক্ষণাবেক্ষণ ব্যয় ১১ কোটি ২৪ লাখ যা শিক্ষা ব্যয়ের চেয়ে প্রায় সাড়ে ৭ কোটি টাকা বেশি। শিক্ষার্থীদের বিভিন্ন সুযোগ-সুবিধা বাতে ৪ কোটি ৭৯ লাখ টাকা এবং পরিব ও মেসারীদের বৃত্তির জন্য এ বছর থেকে ৪ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

অগামী অর্থবছরের জন্য বরাদ্দকৃত বাজেটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় দেখানো হয়েছে আড়াই কোটি টাকা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে পাওয়া যাবে ৩৬ কোটি ৮০ লাখ টাকা।